আমাদেরসময়

তারিখ ... 12 JAN 2016 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৫ ...

স্কুল সভাপতির পদ চান ২ এমপি

# লাঞ্ছিত মানুষ গড়ার কারিগররা

নিজস্ব প্রতিবেদক ●
রাজধানীর শ্যামপুরের দোলাইরপাড় স্কুল অ্যান্ড কলেজের পরিচালনা পর্ষদের বর্তমান সভাপতি সংরক্ষিত আসনের এমপি সানজিদা খানম। কিন্তু এলাকার মানুষের ভোটে নির্বাচিত এমপি আবু হোসেন বাবলাও চাইছেন ওই পদ পেতে। আর এই দুই এমপির দ্বন্দ্বের জেরে লাঞ্ছিত হলেন মানুষ গড়ার কারিগররা।

স্থানীয় সূত্র ও শিক্ষকরা জানান, দোলাইরপাড় স্কুল ও কলেজের পরিচালনা এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

## লাঞ্ছিত মানুষ গড়ার

(শেষ পৃষ্ঠার পর) পর্ষদের সভাপতি পদটি পেতে চাইছেন জাতীয় পার্টি থেকে নির্বাচিত এমপি বাবলা। আর সানজিদা খানমও আওয়ামী লীগের এমপি দাবি করে ওই পদটিতে বহাল থাকতে মরিয়া। এ নিয়ে বাবলা-সানজিদার মধ্যে বিরোধ চলছে। এ ছাড়া এই দুই এমপির মধ্যে নানা কারণে দীর্ঘদিন ধরে তিক্ত সম্পর্ক বিদ্যমান।

সর্বশেষ গতকাল সোমবার দুপুর পৌনে একটার দিকে স্কুলের কমিটি গঠনকে কেন্দ্র করে বাবলা নিজেই তার লোকজন নিয়ে প্রধান শিক্ষক মো. আতাউর রহমানের কক্ষে উপস্থিত হন। এ সময় তাকে কমিটিতে সভাপতি না রাখার কারণে প্রধান শিক্ষককে মারধর করা হয়। অন্যসব শিক্ষক ও শিক্ষিকা এগিয়ে এলে তাদের ওপর হামলা চালানো হয় এবং এরপর স্কুলের সব শিক্ষককে প্রধান শিক্ষকের কক্ষে প্রায় দুই ঘণ্টা আটকে রাখা হয় বলে অভিযোগ উঠেছে।